



স্ক্যান সিমেন্ট সংবাদ

বিশ্বের অন্যতম সিমেন্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান হেডেলবার্গ সিমেন্ট গ্রুপের সদস্য স্ক্যান সিমেন্ট বাংলাদেশ লিমিটেড বাংলাদেশ সিমেন্ট শিল্পে একটি সুপ্রতিষ্ঠিত নাম। প্রতিষ্ঠিত এই ব্র্যান্ড ক্রেতাসাধারণের সঙ্গে যোগাযোগের নতুন মাধ্যম হিসেবে সম্প্রতি নিরাপদ বাসকে ব্যবহার করেছে। স্ক্যান সিমেন্টের নীল রঙে রাঙানো এই বাসটি যে কোনো পথচারীর দৃষ্টি আকর্ষণ করবে। সাধারণ অথচ নজরকাড়া এই বাসটির মূল বৈশিষ্ট্য এর মধ্যে বড় হরফে লেখা— for better building. ব্র্যান্ডেড এই বাসের উদ্বোধন করেন স্ক্যান সিমেন্টের মহাব্যবস্থাপক কে এম জাহিদ উদ্দিন (বিক্রয় এবং বিপণন)। উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন স্ক্যান সিমেন্টের মার্কেটিং ম্যানেজার কাজী সাফায়েত হোসেন, ব্র্যান্ড এক্সিকিউটিভ সিলভিয়া খান এবং উইডমিলের রিয়াজউদ্দিন মোশারফ।

মওলানা ভাসানী : স্মারক সংকলন

মওলানা ভাসানীর ২৬তম মৃত্যুবার্ষিকী পালন উপলক্ষে মওলানা ভাসানী পরিষদ একটি স্মারক-সংকলন প্রকাশের সিদ্ধান্ত নিয়েছে। এই স্মারক-সংকলনে প্রকাশের জন্য মওলানা ভাসানীর সঙ্গে যাদের নৈকট্যপূর্ণ সম্পর্ক ছিলো অথবা যারা তাঁকে কাছ থেকে দেখেছেন তাদের স্মৃতিকথা অথবা তাদের কাছে সংরক্ষিত গুরুত্বপূর্ণ তথ্য বা আলোকচিত্র পাঠাবার জন্য মওলানা ভাসানী পরিষদ আন্তরিক আহ্বান জানাচ্ছে। স্মৃতিকথা, তথ্য বা আলোকচিত্র পাঠাবার ঠিকানা: ১১৮ আজিজ সুপার মার্কেট, তৃতীয় তলা, শাহবাগ, ঢাকা-১০০০

ফোবানা সম্মেলন

বাংলাদেশ সোসাইটি ইনক, নিউইয়র্ক-এর ব্যবস্থাপনায় ফোবানার ষোড়শ উত্তর আমেরিকা বাংলাদেশ সম্মেলন আগামী ৩১ আগস্ট ও ১ সেপ্টেম্বর নিউইয়র্ক মহানগরীর ম্যানহ্যাটন সেন্টারে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এরই প্রেক্ষিতে আজকের এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। আমেরিকায় প্রবাসী বাংলাদেশীদের সংখ্যা স্বাধীনতা-উত্তরকালে ক্রমাগত বৃদ্ধি পেতে থাকে। সেই সঙ্গে প্রবাসে ভিন্ন ভাষা, সংস্কৃতি ও সভ্যতায় আপন সংস্কৃতি ও মূল্যবোধকে তুলে ধরার নিমিত্তে যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যে বাংলাদেশী সংগঠনেরও আত্মপ্রকাশ ঘটে। পরবর্তীতে বিভিন্ন অঙ্গরাজ্যের বাংলাদেশী সংগঠনসমূহের মধ্যে সেতুবন্ধন তথা পারস্পরিক মতবিনিময় এবং উত্তর আমেরিকায় নিজেদেরকে শক্তিশালীভাবে প্রকাশ করার লক্ষ্যে কানাডা ও আমেরিকার বাংলাদেশী সংগঠনসমূহের সমন্বয়ে ১৯৮৭ সালে গঠন করা হয় ফেডারেশন অব বাংলাদেশী এসোসিয়েশনস ইন আমেরিকা—যা ফোবানা নামে পরিচিত। প্রতি বছর উত্তর আমেরিকার বিভিন্ন অঙ্গরাজ্যে ফোবানা আয়োজন করে উত্তর আমেরিকা বাংলাদেশ সম্মেলন। যার মাধ্যমে আমেরিকা ও কানাডা প্রবাসী বাংলাদেশীদের সংস্কৃতি, ঐতিহ্য, মুক্তিযুদ্ধ তথা চিন্তা-চেতনা এবং পারস্পরিক সম্প্রীতি ও মতবিনিময়ের সুযোগ ঘটে। গত ১৫ বছরের সম্মেলনসমূহে বাংলাদেশের রাজনীতিবিদ, বুদ্ধিজীবী ও সংস্কৃতিসেবীদের অংশগ্রহণের মাধ্যমে আমরা দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে অবগত হয়েছি। আসন্ন ফোবানা সম্মেলন গত ১২ জুলাই বাংলাদেশ সোসাইটি ইনক-এর উদ্যোগে এক সংবাদ সম্মেলন আয়োজন করা হয় জাতীয় প্রেস ক্লাবে।